রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ১৬, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/১০ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৯৬-আইন/২০১৮।**—ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০নং আইন) এর ধারা ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অর্থনৈতিক অঞ্চল"** অর্থ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইনের ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত অর্থনৈতিক অঞ্চল;

(খ) **"আইন"** অর্থ ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০নং আইন);

(গ) **"আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র;

(ঘ) **"আবেদনকারী"** অর্থ কোন সেবার জন্য আবেদনকারী কোন ব্যক্তি;

(ঙ) **"ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল"** অর্থ বিধি ৫ এর অধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল;

(চ) **"কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ;

(ছ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(জ) **"নির্ধারিত সময়"** অর্থ তপশিল এর কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত সময়;

(ঝ) **"ফোকাল পয়েন্ট"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত ফোকাল পয়েন্ট;

(ঞ) **"বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন"** অর্থ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন);

(ট) **"ব্যক্তি"** অর্থ যে কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোন সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঠ) **"সেবা"** অর্থ তপশিল এর কলাম (২) এ উল্লিখিত কোন সেবা;

(ড) **"সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ"** অর্থ তপশিল এর কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ; এবং

(ঢ) **"স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর"** অর্থ বিধি ৩ এর উপ-বিধি (২) (ক) এর অধীন কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেয়া হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হয়েছে সে অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ গঠন ও উহার কার্যাবলি।—(১)** বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—

(ক) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান, যিনি ইহার প্রধান নির্বাহীও হইবেন;

(খ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের নির্বাহী বোর্ডের একজন সদস্য;

(গ) প্রত্যেক সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার ফোকাল পয়েন্ট;

(ঘ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের ব্যবস্থাপক (ওয়ান স্টপ সার্ভিস), যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথাঃ—

(ক) ওয়ান স্টপ সার্ভিস পদ্ধতিতে সেবা প্রদানের নিমিত্ত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর প্রণয়ন;

(খ) আবেদনকারীকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

(গ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র ও ফোকাল পয়েন্টকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান;

(ঘ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের কার্যাবলি নির্ধারণ, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

(ঙ) আবেদন পত্রসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ এবং অনিষ্পন্ন আবেদনপত্র, যদি থাকে, দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(চ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৪। **আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠন ও উহার কার্যাবলি।**—(১) কোন অর্থনৈতিক অঞ্চলে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠিত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট অর্থনৈতিক অঞ্চলের জন্য বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ফোকাল পয়েন্ট;

(গ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর এবং কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, প্রদত্ত পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিচালনা করিবে।

(৩) কোন নির্দিষ্ট অর্থনৈতিক অঞ্চলের জন্য আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠিত না হওয়া পর্যন্ত কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ উক্ত অর্থনৈতিক অঞ্চলের সেবা প্রদান বিষয়ক যাবতীয় দায়িত্ব পালন করিবে।

৫। **ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন।**—ওয়ান স্টপ সার্ভিস প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ নিজস্ব অটোমেশন পদ্ধতিতে ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক উক্তরূপ পোর্টাল স্থাপিত না হওয়া পর্যন্ত অন্য কোন প্রতিষ্ঠানের নিকট হইতে উক্ত সুবিধা গ্রহণ করা যাইবে।

৬। **আবেদন ফরমসহ অন্যান্য ফরম সহজলভ্যকরণ এবং তথ্য প্রদর্শন।**—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ আবেদন ফরমসহ অন্যান্য ফরম প্রণয়ন করিবে ও উহাদের সহজলভ্যতা নিশ্চিত করিবে।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, সকলের দৃষ্টিগ্রাহ্য হয় এইরূপ কোন স্থান এবং ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে ওয়ান স্টপ সার্ভিস সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শন করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।

৭। **ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণের আবেদন দাখিল ও প্রক্রিয়াকরণ।**—(১) ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণ করিতে ইচ্ছুক আবেদনকারীকে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে নিবন্ধনপূর্বক লগ ইন করিয়া আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন কারণে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে আবেদন দাখিল করা সম্ভব না হইলে সরাসরি আবেদন দাখিল করা যাইবে।

(২) আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট সকল তথ্য, দলিল ও ফি, যদি থাকে, দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন কারণে কোন তথ্য বা দলিল দাখিল করা সম্ভব না হইলে, আবেদনকারী তাহার স্ব-প্রত্যয়নে, উক্ত তথ্য বা দলিল রহিয়াছে উল্লেখে উহা দাখিল না করিবার কারণ উল্লেখপূর্বক ফোকাল পয়েন্ট কর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে উহা দাখিল করিবেন মর্মে লিখিত অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করিবে।

(৪) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র আবেদনপত্রের সহিত প্রাপ্ত ফি সংশ্লিষ্ট সেবা দানকারী সংস্থা বা কর্তৃপক্ষের অনুকূলে জমা প্রদান করিবে।

৮। **ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র।**—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষকে নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কার্যক্রমে সহায়তা প্রদান এবং প্রার্থিত সেবা প্রদানের লক্ষ্যে একটি ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র থাকিবে।

(২) ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন করিবে।

৯। **ফোকাল পয়েন্ট এর দায়িত্ব ও ক্ষমতা।**—(১) ফোকাল পয়েন্ট কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র হইতে প্রাপ্ত আবেদনপত্র নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুযায়ী নিষ্পত্তি করিবেন।

(২) ফোকাল পয়েন্ট আবেদনকারীর নিকট হইতে কোন স্পষ্টিকরণ বা ব্যাখ্যার প্রয়োজন মনে করিলে বা কোন তথ্য বা দলিলের অসম্পূর্ণতা পরিলক্ষিত হইলে বা অতিরিক্ত কোন তথ্য বা দলিল আবশ্যক মনে করিলে আবেদনকারীর নিকট হইতে উহা তলব করিতে পারিবেন।

(৩) ফোকাল পয়েন্ট আবেদনকারীর স্ব-প্রত্যয়নের ভিত্তিতে, তথ্য বা দলিলের আংশিক অসম্পূর্ণতা থাকা সত্ত্বেও, কোন আবেদন বিবেচনাক্রমে সেবা প্রদান কার্যক্রম শুরু করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কেবল নিম্নরূপ ক্ষেত্রে স্ব-প্রত্যয়নের ভিত্তিতে সেবা প্রদান কার্যক্রম শুরু করা যাইবে, যথা:—

(ক) আবেদনকারীর নিয়ন্ত্রণ বহির্ভূত বা কোন বিশেষ অবস্থাধীনে আবেদনপত্রের সহিত কোন তথ্য বা দলিল দাখিল করা সম্ভব না হইলে; এবং

(খ) স্ব-প্রত্যয়নের ভিত্তিতে প্রতিশ্রুত তথ্য বা দলিল প্রাপ্তির পর আবেদন নিষ্পত্তি করিতে তপশিলে নির্ধারিত সময়ের ব্যত্যয় ঘটিবে না।

(৪) ফোকাল পয়েন্ট আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে তাহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থার পরামর্শ গ্রহণ করিতে পারিবেন।

(৫) বিধি ৭ এর অধীন দাখিলকৃত আবেদন ও উহার সহিত সংযুক্ত তথ্য বা দলিলাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে ফোকাল পয়েন্ট চাহিত সেবা অনুমোদনপূর্বক আবেদনকারীকে অনুমতিপত্র প্রেরণ করিবেন।

(৬) বিধি ৭ এর অধীন দাখিলকৃত আবেদন ও উহার সহিত সংযুক্ত তথ্য, দলিল বা কাগজাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট না হইলে ফোকাল পয়েন্ট কারণ উল্লেখপূর্বক আবেদনটি নামঞ্জুর করিতে পারিবেন এবং উহা আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন কোন আবেদন নামঞ্জুর করা হইলে, সংশ্লিষ্ট আবেদনকারী নামঞ্জুর আদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) কার্য দিবসের মধ্যে পুনঃবিবেচনার আবেদন করিতে পারিবেন।

(৮) পুনঃবিবেচনার আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণ করিতে হইবে।

(৯) কোন আবেদনকারী কেবল তাহার মূল আবেদনপত্র বা পুনঃবিবেচনার আবেদন খারিজ হইবার কারণে নতুন করিয়া আবেদনপত্র দাখিল করা হইতে বারিত হইবেন না।

১০। **সভা**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, সময় সময়, সভা আহ্বান করিয়া আবেদনপত্রসমূহের হালনাগাদ অবস্থা পর্যালোচনা করিবে এবং দ্রুত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষের প্রধান নির্বাহী বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের চেয়ারম্যান যে কোন সময়ে সভা আহ্বান করিতে পারিবেন।

(৩) সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

**ব্যাখ্যা**।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "সভা" অর্থে ভিডিও কনফারেন্সিং বা অন্য কোন ডিজিটাল মাধ্যমে অনুষ্ঠিত সভা অন্তর্ভুক্ত হইবে।

১১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তপশিল

[বিধি ২(ছ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/ কর্তৃপক্ষ | নির্ধারিত সময় (কর্মদিবস) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | বিনিয়োগ ছাড়পত্র | | |
| | ১.১ বিনিয়োগ রেজিস্ট্রেশন | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৭ |
| | ১.২ বিনিয়োগ ছাড়পত্র | | ২০ |
| ২ | কোম্পানি নিবন্ধন | | |
| | ২.১ নামের ছাড়পত্র | যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় | ১ |
| | ২.২ সার্টিফিকেট অব ইনকর্পোরেশন | | ৭ |
| | ২.৩ শেয়ার ট্রান্সফার/পরিবর্তন | | ৭ |
| | ২.৪ শেয়ারহোল্ডার পরিবর্তন | | ৭ |
| | ২.৫ পরিচালক পরিবর্তন | | ৭ |
| | ২.৬ অনুমোদিত মূলধন বৃদ্ধিকরণ | | ৭ |
| ৩ | ট্রেড লাইসেন্স | ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন | ৩ |
| ৪ | ট্যাক্স সংক্রান্ত রেজিস্ট্রেশন | | |
| | ৪.১ টিআইএন রেজিস্ট্রেশন সনদ | জাতীয় রাজস্ব বোর্ড | ১ |
| | ৪.২ ভ্যাট রেজিস্ট্রেশন সনদ | | ১ |
| ৫ | ৫.১ ভূমি ক্রয় দলিল/ইজারা চুক্তিনামা রেজিস্ট্রেশন | সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার অফিস, নিবন্ধন অধিদপ্তর | ৩ |
| | ৫.২ দলিলের নকল সরবরাহ | | ৫ |
| ৬ | নামজারি | সংশ্লিষ্ট উপজেলা অফিস | ১৫ |
| ৭ | নিবাসী ও অনিবাসী ভিসা | | |
| | ৭.১ ভিসার সুপারিশপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ২ |
| | ৭.২ ব্যবসায়িক ভিসা ইস্যুকরণ | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ১০ |
| | ৭.৩ প্রাথমিক ই ভিসা ইস্যুকরণ | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ১০ |
| | ৭.৪ প্রাথমিক ই১ ভিসা ইস্যুকরণ | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ১০ |
| | ৭.৫ প্রাথমিক পি১ ভিসা ইস্যুকরণ | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ১০ |
| | ৭.৬ প্রাথমিক এ৩ ভিসা ইস্যুকরণ | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ১০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | ৭.৭ ই ভিসার মেয়াদ বর্ধিতকরণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ১০ |
| | ৭.৮ ই১ ভিসার মেয়াদ বর্ধিতকরণ | | ১০ |
| | ৭.৯ পি১ ভিসার মেয়াদ বর্ধিতকরণ | | ১০ |
| | ৭.১০ এ৩ ভিসার মেয়াদ বর্ধিতকরণ | | ১০ |
| | ৭.১১ শ্রেণি পরিবর্তনসহ ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ (বেজার সুপারিশ/ সিকিউরিটি ক্লিয়ারেন্স/এসবির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ৭ |
| | ৭.১২ ভিসার জন্য স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র প্রতিবেদন দাখিল | স্পেশাল ব্রাঞ্চ (এসবি) | ২১ |
| | ৭.১৩ নিরাপত্তা ছাড়পত্রের জন্য এসবি এর প্রতিবেদন দাখিল | স্পেশাল ব্রাঞ্চ (এসবি) | ৪৫ |
| | ৭.১৪ নিরাপত্তা ছাড়পত্রের জন্য এনএসআই এর প্রতিবেদন দাখিল | এনএসআই | ৩০ |
| | ৭.১৫ ভিসার জন্য সিকিউরিটি ক্লিয়ারেন্স ইস্যুকরণ (প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ৩ |
| ৮ | ওয়ার্ক পারমিট | | |
| | ৮.১ ওয়ার্ক পারমিট ইস্যুকরণ | | |
| | ক. ওয়ার্ক পারমিট ইস্যুকরণ | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৯ |
| | খ. নিরাপত্তা সংক্রান্ত ছাড়পত্র | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ২১ |
| | ৮.২ ওয়ার্ক পারমিটের মেয়াদ বর্ধিতকরণ | | |
| | ক. ওয়ার্ক পারমিট বর্ধিতকরণ | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৯ (সিকিউরিটি ক্লিয়ারেন্স বাদে) |
| | খ. নিরাপত্তা সংক্রান্ত ছাড়পত্র | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ২১ |
| ৯ | পরিবেশগত ছাড়পত্র | | |
| | ৯.১. সবুজ শ্রেণির শিল্প কারখানা | | |
| | ক. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ৭ |
| | খ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৭ |
| | ৯.২ কমলা-ক শ্রেণির শিল্প কারখানা | | |
| | ক. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ৭ |
| | খ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৭ |
| | ৯.৩ কমলা-খ শ্রেণির শিল্প কারখানা | | |
| | ক. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | পরিবেশ অধিদপ্তর | ২০ |
| | খ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ২০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | ৯.৪ লাল শ্রেণির শিল্প কারখানা | | |
| | ক. ইআইএ এর জন্য টিওআর অনুমোদন (পরিদর্শনসহ) | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | খ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | গ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| ১০ | ভবন নির্মাণ | | |
| | ১০.১ বিদ্যমান ভূমি ব্যবহার পরিকল্পনা অনুমোদন | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৭ |
| | ১০.২ নির্মাণ ছাড়পত্র (ভবনের নকশা অনুমোদন) | | ৩০ |
| | ১০.৩ চূড়ান্ত পরিদর্শন ও ব্যবহারের সনদ প্রদান | | ৭ |
| | ১০.৪ নকশা পরিবর্তনের অনুমোদন | | ৭ |
| | ১০.৫ আংশিক ভবন ব্যবহারের অনুমোদন | | ৭ |
| ১১ | অগ্নি নিরোধ সংক্রান্ত সেবা ও ছাড়পত্র | | |
| | ১১.১ অগ্নি নিরাপত্তা পরিকল্পনা অনুমোদন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৩০ |
| | ১১.২ অগ্নি নিরাপত্তা লাইসেন্স অনুমোদন (চূড়ান্ত পরিদর্শনসহ) | | ১৫ |
| | ১১.৩ অগ্নি নিরাপত্তা লাইসেন্স নবায়ন | | ১৫ |
| ১২ | বিদ্যুৎ সংযোগ | | |
| | ১২.১ বিদ্যুৎ পরিকল্পনা অনুমোদন/অনাপত্তি সনদ | প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | ৭ |
| | ১২.২ বৈদ্যুতিক সংযোগ অনুমোদন ও সনদ প্রদান | | ১৪ |
| | ১২.৩ বৈদ্যুতিক নিরাপত্তা সনদ নবায়ন | | ১৪ |
| ১৩ | জেনারেটর স্থাপন | | |
| | ১৩.১ জেনারেটর আমদানি/স্থাপনের অনুমতি | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৫ |
| | ১৩.২ জেনারেটর ব্যবহারের সনদ প্রদান (পরিদর্শনসহ) | | ১০ |
| | ১৩.৩ জেনারেটর ব্যবহারের সনদ নবায়ন (পরিদর্শনসহ) | | ১০ |
| ১৪ | বয়লার স্থাপন | | |
| | ১৪.১ বয়লার আমদানির অনাপত্তি সনদ | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ৩ |
| | ১৪.২ বয়লার নিবন্ধন ও সনদ ইস্যুকরণ (পরিদর্শনসহ) | | ১৪ |
| | ১৪.৩ বয়লার সনদ নবায়ন (পরিদর্শনসহ) | | ২১ |
| | ১৪.৪ মালিকানা (নাম/ঠিকানা) পরিবর্তন | | ১৫ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৫ | কারখানার লাইসেন্স | | |
| | ১৫.১ কারখানার মেশিন লে-আউট নকশা অনুমোদন | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | ১০ |
| | ১৫.২ কারখানা বা প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান | | ১৫ |
| | ১৫.৩ কারখানা বা প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন ও সংশোধন | | ১০ |
| ১৬ | বন্ড লাইসেন্স ইস্যুকরণ (পরিদর্শনসহ) | জাতীয় রাজস্ব বোর্ড | ২২ |
| ১৭ | শিল্প কারখানায় গ্যাস সংযোগ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন গ্যাস বিতরণ সংস্থাসমূহ | ৭ |
| ১৮ | ১৮.১ টেলিফোন/টেলিকম সংযোগ স্থাপন | বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড/অন্যান্য কোম্পানি | ৩ |
| | ১৮.২ ইন্টারনেট সংযোগ স্থাপন | | ৩ |
| ১৯. | বিস্ফোরক লাইসেন্স | | |
| | ১৯.১ বিস্ফোরক লাইসেন্স ইস্যুকরণ | বিস্ফোরক অধিদপ্তর | ২১ |
| | ১৯.২ বিস্ফোরক লাইসেন্স নবায়ন | | ২১ |
| ২০ | বিভিন্ন প্রকার প্রণোদনার সুপারিশ | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৭ |
| ২১ | বৈদেশিক ঋণ অনুমোদন ও রেমিট্যান্স প্রত্যাবাসন | | |
| | ২১.১ বৈদেশিক ঋণের অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | ২১.২ বৈদেশিক ঋণ অনুমোদন | বাংলাদেশ ব্যাংক | ১৫ |
| | ২১.৩ ব্যাংক ঋণ অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | ২১.৪ অফশোর ব্যাংকিং অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৭ |
| | ২১.৫ অফশোর ব্যাংকিং লাইসেন্স | বাংলাদেশ ব্যাংক | ১৫ |
| | ২১.৬ কারিগরি জ্ঞান ও সহায়তা ফি প্রত্যাবাসন অনুমোদন (আমদানিকৃত যন্ত্রপাতির ব্যয়ের ৬% বেশি হলে) | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৭ |
| | ২১.৭ রয়্যালিটি প্রত্যাবাসন অনুমোদন (বিগত বছরের আয়কর রিটার্নে প্রদর্শিত বিক্রির ৬% বেশি হলে) | | ৭ |
| | ২১.৮ মুনাফা ও লভ্যাংশ প্রত্যাবাসনের সুপারিশ | | ৩ |
| | ২১.৯ মুনাফা ও লভ্যাংশ প্রত্যাবাসন | বাংলাদেশ ব্যাংক | ১০ |

| (১) | (২) | | (৩) | (৪) |
|---|---|---|---|---|
| | ২১.১০ | স্টক এক্সচেঞ্জ-এ অ-তালিকাভুক্ত কোম্পানিতে অনিবাসী কর্তৃক ধারণকৃত শেয়ার নিবাসীর নিকট বিক্রয়ের ফলে প্রাপ্ত অর্থ বিদেশে প্রত্যাবাসন এর সুপারিশ | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | ২১.১১ | কোম্পানি অবলুপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে অবশিষ্ট অর্থ বিদেশে প্রত্যাবাসন এর সুপারিশ | | ৩ |
| | ২১.১২ | স্টক এক্সচেঞ্জ-এ অ-তালিকাভুক্ত কোম্পানিতে অনিবাসী কর্তৃক ধারণকৃত শেয়ার নিবাসীর নিকট বিক্রয়ের ফলে প্রাপ্ত অর্থ বিদেশে প্রত্যাবাসন এর অনুমোদন | বাংলাদেশ ব্যাংক | ১৫ |
| | ২১.১৩ | কোম্পানি অবলুপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে অবশিষ্ট অর্থ বিদেশে প্রত্যাবাসন এর অনুমোদন | | ১৫ |
| | ২১.১৪ | সাধারণ প্রাধিকার বহির্ভূত কনসালটেন্সি ফি প্রেরণ সংক্রান্ত অনুমতির সুপারিশ | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | ২১.১৫ | সাধারণ প্রাধিকার বহির্ভূত কনসালটেন্সি ফি প্রেরণ সংক্রান্ত অনুমতি | বাংলাদেশ ব্যাংক | ৭ |
| ২২ | **আমদানি/রপ্তানি এবং কাস্টমস ছাড়করণ** | | | |
| | **২২.১** | **আমদানি/রপ্তানি ছাড়পত্র** | | |
| | ক. | আমদানি অনুমতি | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ১ |
| | খ. | রপ্তানি অনুমতি | | ১ |
| | গ. | নমুনা অনুমোদন (আমদানি) | | ১ |
| | ঘ. | নমুনা অনুমোদন (রপ্তানি) | | ১ |
| | ঙ. | কাস্টমস সংক্রান্ত ছাড়পত্র | জাতীয় রাজস্ব বোর্ড | ১ |
| | **২২.২** | **কাস্টমস ছাড়করণ** | | |
| | ক. | স্থানীয় ক্রয় অনুমোদন | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ১ |
| | খ. | স্থানীয় বিক্রয় অনুমোদন | | ২ |
| | গ. | সাব-কন্ট্রাক্ট অনুমোদন | | ৩ |
| | ঘ. | কাস্টমস সংক্রান্ত ছাড়পত্র | জাতীয় রাজস্ব বোর্ড | ১ |
| ২৩ | **সার্টিফিকেট অব অরিজিন** | | | |
| | ২৩.১ | কান্ট্রি অব অরিজিন সনদ (জিএস) | বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো/ চেম্বার অব কমার্স | ৩ |

| (১) | (২) | (৩) | (৪) |
| --- | --- | --- | --- |
| | ২৩.২ কান্ট্রি অব অরিজিন সনদ (সাধারণ) | চেম্বার অব কমার্স | ১ |
| | ২৩.৩ ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) | বিজিএমইএ | ৩ |
| | ২৩.৪ ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) | জাতীয় রাজস্ব বোর্ড | ৩ |
| ২৪ | **বৈদ্যুতিক সাবস্টেশন** | | |
| | ২৪.১ বৈদ্যুতিক সাবস্টেশন স্থাপনের অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | ২৪.২ ব্যবহারের সনদ প্রদান (পরিদর্শনসহ) | প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | ১৫ |
| ২৫ | **অন্যান্য ভৌত অবকাঠামো (ইউটিলিটিস)** | | |
| | **২৫.১ বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপন** | | |
| | ক. বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপনের অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| | **২৫.২ পানি শোধনাগার নির্মাণ/স্থাপন** | | |
| | ক. পানি শোধনাগার স্থাপনের অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| | **২৫.৩ কেন্দ্রীয় বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি) নির্মাণ/স্থাপন** | | |
| | ক. সিইটিপি স্থাপনের অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | **২৫.৪ সুয়েজ পরিশোধনাগার নির্মাণ/স্থাপন** | | |
| | ক. সুয়েজ পরিশোধনাগার স্থাপনের অনাপত্তিপত্র | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৩ |
| | খ. ইআইএ-এর টিওআর অনুমোদন | পরিবেশ অধিদপ্তর | ১৫ |
| | গ. ইআইএ অনুমোদন | | ৩০ |
| | ঘ. পরিবেশগত ছাড়পত্র ইস্যুকরণ | | ৩০ |
| | ঙ. পরিবেশগত ছাড়পত্র নবায়ন | | ৩০ |
| ২৬ | ২৬.১ মার্ক লাইসেন্স ইস্যুকরণ (পরিদর্শনসহ) | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, শিল্প মন্ত্রণালয় | ২২ |
| | ২৬.২ পেটেন্ট/ডিজাইন রেজিস্ট্রেশন | পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয় | ৩০ |
| | ২৬.৩ ট্রেডমার্ক রেজিস্ট্রেশন | | ৩০ |
| ২৭ | বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের প্রত্যয়নপত্র (পরিদর্শনসহ) | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল হক**
পরিচালক-১।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd